## তেরখাদা উপজেলা পরিষদের মার্চ-২৫ মাসে অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোহাম্মদ শহীদুল্লাহ
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৭-০৩-২০২৫ খ্রি, বেলা ১১.৩০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে উপজেলা পরিষদের প্রশাসক ও নির্বাহী অফিসার জনাব মোহাম্মদ শহীদুল্লাহ মহোদয় সভায় উপস্থিত উপজেলা প্রশাসনের সকল দপ্তর প্রধানকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউ,পি চেয়ারম্যানদের জনসেবা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। অতপর উপজেলা নির্বাহী অফিসার এ সভার কার্যক্রম পরিচালনা করেন এবং নির্ধারিত বিষয়ে আলোচনা করার জন্য সকল সম্মানীত সদস্যকে আহবান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়।

সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | সভা ও স্থায়ী কমিটি | উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। তিনি প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | সভায় উপজেলা প্রকৌশলী মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এর আওতায় সাধারন বরাদ্দের সর্বমোট ৯০.৬৮ লক্ষ টাকা পাওয়া গেছে এবং ৬০.৯০ লক্ষ টাকার স্কীম গ্রহণ করা হয়েছে। তিনি অবশিষ্ট ২৯.৭৮ লক্ষ টাকার বিপরীতে স্থানীয় জনসাধরণের ও সামাজিক জনগুরুত বিবেচনায় জরুরী ভিত্তিতে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। তিনি বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প দাখিলের ক্ষেত্রে গ্রামীন রাস্তা, কালভার্ট, কৃষি, স্বাস্থ্য, যুব ও ক্রীড়া, নারী উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | প্রাথমিক ও গণ শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, তেরখাদা উপজেলার বর্নমালা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং দক্ষিণ মল্লিকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ ২০১৯ সালে শুরু হলেও এখনো নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও বলেন, ২০২৩ সালে ইখড়ি কাটেংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়, জয়সেনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ কুশলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বয়ারগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লকের কাজ শুরু হয়ে নির্মাণ কজ এখনও চলমান রয়েছে। নির্মাণকাজের ধীরগতির কারনে বিদ্যালয় সমূহে পাঠদান কার্যক্রম ও ছাত্র-ছাত্রীদের ওয়াশ ব্লক ব্যবহারে প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সভায় অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত বিদ্যালয় সমূহের ভবন ও ওয়াশব্লক নির্মাণ কাজ ৩০ জুনের মধ্যে সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৪ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থি সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এইসপিপি ফ্যাসিলেশন প্রোগাম চলমান রয়েছে। হাসপাতালে আগত বহির্বীভাগে রোগীদের ও ভর্তি রোগীদের নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত ডাস্টবিন না থাকায় স্বাস্থ্য সহায়ক পরিবেশ বজায় রাখতে প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। হাসপাতাল কমপাউন্ডে বহিরাগতরা গরু ছাগল চরানোর কারনে পরিবেশ বিনষ্ট হচ্ছে । হাসপাতালের অভ্যান্তরে ভ্যান স্টান্ড গেটের বাইরে স্থাপনের জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। তিনি আরও বলেন এক্সরে মেশিন নষ্ট ঠাকায় রোগীদের বাইরে যেতে হচ্ছে । | উল্লিখিত বিষয়ে তেরখাদা ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিদের সহযোগীতা করার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৫ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সমাজসেবা অধিদপ্তরের আওতায় তেরখাদা উপজেলায় সকল ধরনের ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি বলেন অনগ্রসর জনগোষ্ঠীর ও বিভিন্ন ভাতার আবেদন অনলাইনে করা যাবে। তিনি এ বিষয়ে সকল জনপ্রতিনিধিদের প্রাচার প্রচারনার জন্য অনুরোধ জনান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ** উপজেলা পরিষদের সম্মানিত প্রশাসক মহোদয় বলেন, জানুয়ারি-২৫ ও ফেব্রুয়ারি-২৫ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর ডিসেম্বর-২৪ মাসের মজুরি | ১৩,২০০/- |
| ২. | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর ডিসেম্বর -২৪ মাসের মজুরি | ১৪,৮৫০/- |
| ৩. | উপজেলা পরিষদের ডিসেম্বর-২৪ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের ডিসেম্বর-২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৫. | উপজেলার পরিষদের জীপগাড়ির জ্বালানী ব্যয় বিল | ৩৩,২৯৯/- |
| ৬. | তারুণ্যের উৎসব উদ্যাপন-২০২৫ | ৪৯,৫৬৬/- |
| ৭. | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর জানুয়ারি-২৫ মাসের মজুরি | ১৪,৩০০/- |
| ৮. | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর ডিসেম্বর -২৪ মাসের মজুরি | ১৪,৩০০/- |
| ৯. | উপজেলা পরিষদের জানুয়ারি-২৫ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদের জানুয়ারি-২৫ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ১১. | উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে সিসি ক্যামেরা মেরামত ও ইলেকট্রিক ব্যয় | ২৪,৯৮৬/- |

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উল্লিখিত ব্যয় সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

**সভাপতির বক্তব্যঃ**

সভাপতি মহোদয়, সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানান। তিনি উপজেলার সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য এবং সকল বিভাগের কর্মকর্তাদের সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি উন্নয়ন মূলক কাজের সঠিক

CamScanner

তদারকির জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তেরখাদা উপজেলার সকল বিদ্যালয়, মাদ্রাসা এবং কলেজে লেখা পড়ার মান যাতে ঠিক থাকে এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং বলেন তেরখাদা উপজেলার উন্নয়নে আমাদের সকলকে মিলিত ভাবে কাজ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে একযোগে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৩/২৫

(মোহাম্মদ শহীদুল্লাহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নং- উনিঅ/তের/সভা-১-১/২০২৫-২২০/১(৩০) তারিখঃ ২৭/০৩/২০২৫ খ্রি

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।

২। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থে

৩। উপজেলা ..............................................অফিসার, তেরখাদা, খুলনা।

৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।

৫। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।

৬। অফিস নথি।

২৭/০৩/২৫

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ** **পরিশিষ্ট-ক**

সভার তারিখ-২৭/০৩/২০২৫ খ্রিঃ সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০২. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৫. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৭. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ১৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | ইন্সটেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৭. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা। | |

**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ** **পরিশিষ্ট-খ**

১. চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা।
২. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা।
৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা
৬. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা, খুলনা।
৭. উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা।
৮. ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
৯. তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।

CamScanner